গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দোহার পৌরসভা কার্যালয়
জয়পাড়া, দোহার, ঢাকা
www.doharmunicipality.gov.bd

আসসালামু আলাইকুম
**সম্মানীত ইমাম সাহেব**
বাংলাদেশের প্রতিটি নাগরিকের জন্ম ও মৃত্যু নিবন্ধন একটি সাংবিধানিক অধিকার। সরকার জন্ম ও মৃত্যু নিবন্ধন যথাসময়ে সম্পাদনের জন্য বিশেষভাবে তাগিদ প্রদান করেছেন।

তৎপ্রেক্ষিতে, ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আপনার মসজিদে প্রতি শুক্রবার জুম্মার নামাজের সময় উপস্থিত মুছল্লিদের উদ্দেশ্যে জনস্বার্থে নিম্নবর্ণিত বর্তাটি পাঠ বা উপস্থাপনের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

## জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বার্তা:

দোহার পৌর এলাকায় কোন শিশু জন্মগ্রহণ করলে তার নাম সম্বলিত টিকা কার্ড অথবা মেডিক্যাল/ক্লিনিকের সার্টিফিকেট (যদি থাকে) ও পিতা-মাতার জন্ম নিবন্ধনের ফটোকপিসহ পৌরসভা কার্যালয়ে জন্ম নিবন্ধনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করলে কোন প্রকার ফিস প্রদান করতে হবে না; আর ৪৬ দিন হতে ১ বছরের নীচে জন্ম নিবন্ধনের জন্য ২৫ টাকা সরকারি ফিস পরিশোধ করতে হবে।

মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করলে কোন ফিস লাগবে না; আর ৪৬ দিন হতে ১ বছরের নীচে মৃত্যু নিবন্ধনের জন্য ২৫ টাকা সরকারি ফিস পরিশোধ করতে হবে।

অনুরোধক্রমে

০৩/০৪/২৫

তানিয়া তাবাসসুম
**প্রশাসক**
দোহার পৌরসভা, ঢাকা।

... 02-7768116, 0088-02-7768117, Fax : 0088-02-7768087, email : doharpourashava@gmail.com